# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

## কোটালীপাড়া গোপালগঞ্জ।

### ক) কোটালীপাড়া পৌরসভার ২০১৯-২০২০ অর্থ বছরের আয়-ব্যয় বিবরনী

রাজস্ব হিসাব উপাংশ-১

| ক্র:নং | আয়ের খাত | পরিমান(টাকা) | ক্র:নং | ব্যয়ের খাত | পরিমান |
|---|---|---|---|---|---|
| ১) | ট্যাক্সেস: | | ১) | সাধারন ব্যবস্থাপনা: | |
| | ক)গৃহ ও ভূমির উপর কর | ২৫,৫৩,৩৯৩/০০ | | ক) পৌরসভার মেয়র/কাউন্সিলরগনের সম্মানী ভাতা | ২০,৮০,০০০/০০ |
| | খ) স্থাবর সম্পত্তি হস্তান্তর ফি | ৩১,৭৭,৫১৬/১০ | | খ) পানি সরবরাহ শাখা ব্যতীত অন্যান্য শাখার কর্মকর্তা /কর্মচারীদের বেতনভাতা | ১,৪০,২৫,৬৪৭/০০ |
| | গ)ইমারত নির্মান ও পুন: নির্মান | ৪,২৯,৪৮১/০০ | | গ)আনুতোষিক তহবিলে স্থানান্তর | ৭,৫৭,১০০/০০ |
| | ঘ)যানবাহন (যান্ত্রিক যান ও নৌ ব্যতীত) | - | | ঘ) যানবাহন জ্বালানী ও মেরামত (বর্জ্য ব্যবস্থাপনা ব্যতীত) | ২,৯০,৯৫২/০০ |
| | | | | ঙ)টেলিফোন বিল | ১০,০৯৯/০০ |
| | | | | চ)বিদ্যুৎ বিল | ৮,১৯,৫৭২/০০ |
| | | | | ছ) বীম লিফটার গাড়ী মেরামত | ১০,৬০০/০০ |
| | | | | জ) রোড রোলার মেরামত | ১৮,০০০/০০ |
| | | | | ঝ) বীম লিফটার গাড়ীর জ্বালানী | ৩৯,১৮০/০০ |
| | | | | ঞ) যানবাহন জ্বালানী ও মেরামত ((বর্জ্য ব্যবস্থাপনা) | ৭৪,৮৯০/০০ |
| | | | | ট) ষ্টেশনারী দ্রব্যাদি | ২,১৯,৪৩৭/০০ |
| | | | | ঠ)আনুষঙ্গিক ব্যয় | ৩,৭৩,০০০/০০ |
| ২) | ফিস: | | ২) | শিক্ষা ব্যয় : | ৭,৭৮০/০০ |
| | ক)লাইসেন্স ফি | ১২,৪৩,৫৬০/০০ | | | |
| | খ)পশু জবাই ফি | ১৩,৪৬০/০০ | | | |
| ৩) | অন্যান্য: | | ৩) | স্বাস্থ্য ও পয়: প্রনালী: | |
| | ক)হাট বাজার ইজারা | ৪৭,৪২,০০০/০০ | | ক) নর্দমা (ড্রেন ও খাল) পরিস্কার | ৪,১৫,৫০০/০০ |
| | খ)বাসটার্মিনাল ইজারা | ৫৬,৮৯,৯৪০/০০ | | খ) ময়লা আবর্জনা পরিষ্কারের উপকরণ ক্রয় | ৬,৮৬৮/০০ |
| | গ)রোড রোলার ভাড়া | ২,১৮,৪৮২/০০ | | গ) ময়লা আবর্জনা পরিস্কার (বর্জ্য ব্যবস্থাপনা) | ১,৯৫,৭২০/০০ |
| | ঘ)পৌর সম্পত্তি ভাড়া | ৪,৩৪,৭৬২/০০ | | ঘ) মসক নিধন | ৯৭,০০৫/০০ |
| | ঙ)বিভিন্ন সার্টিফিকেট | ১,২১,৯৯০/০০ | | ঙ) পরিচ্ছন্ন কর্মিদের বেতন | ৭,১৯,০০০/০০ |
| | চ)বিভিন্ন ফরম বিক্রি | ৩২,৫০০/০০ | | চ) সুইপার ঝাড়ুদারদের বেতন | ৫,২৯,০০০/০০ |
| | ছ)দরপত্র সিডিউল | ২,৬৫,০৫০/০০ | ৪) | কর আদায় খরচ(বিভিন্ন রেজিষ্ট্রার ফরম রশিদ বই) ইত্যাদি মুদ্রন | ১,৯৯,১৯৭/০০ |
| | জ)ব্যাংক সুদ | ৭,৩১,৪২৩/০০ | ৫) | ভূমি উন্নয়ন কর (জমি অধিগ্রহনের জন্য ব্যয়) | ৭৩,৩৭২/০০ |
| | ঝ)সরকারী অনুদান | ১৫,২০,০০০/০০ | ৬) | জাতীয় দিবস উদযাপন | ১,০১,৫০০/০০ |
| | | | ৭) | সড়ক বাতি ও বৈদ্যুতিক মালামাল ক্রয় | ৩২,৭২০/০০ |

হিসাবরক্ষক
কোটালীপাড়া পৌরসভা

কোটালীপাড়া পৌরসভা

মেয়র
কোটালীপাড়া পৌরসভা

| ক্র:নং | আয়ের খাত | পরিমান(টাকা) | ক্র:নং | ব্যয়ের খাত | পরিমান |
|---|---|---|---|---|---|
| | | | ৮) | TLCC, WC ও SIC ইত্যাদি সভার আপ্যায়ন ব্যয় | ১,০১,০২৮/০০ |
| | | | ৯) | GAP বাস্তবায়ন ব্যয় | ৪,৬২,০০০/০০ |
| | | | ১০) | PRAP বাস্তবায়ন ব্যয় | ৮,৭১,০০০/০০ |
| | | | ১১) | বিজ্ঞাপন বিল | ২,০৫,৬৮৩/০০ |
| | | | ১২) | প্রশিক্ষণ ব্যয় (কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি) | ৮,৬০০/০০ |
| | | | ১৩) | খেলা-ধুলা ও সংস্কৃতি | ১৫,০০০/০০ |
| | | | ১৪) | আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয় | ৪,০০০/- |
| | | | ১৫) | বিবিধ (কোভিড-১৯, করোনা ভাইরাস প্রতিরোধ) | ১৭,৪৩০/০০ |
| | | | ১৬) | রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন হিসাবে স্থানান্তর | ১,৪৭,২৩৫/০০ |
| | | | ১৭) | | |
| | প্রারম্ভিক স্থিতি | ৫১,৪৮,৯২০/৭৭ | | সমাপনি স্থিতি | ৩৩,৯৪,৩৬২/৮৭ |
| | মোট | ২,৬৩,২২,৪৭৭/৮৭ | | মোট | ২,৬৩,২২,৪৭৭/৮৭ |

উপাংশ-০২

| ক্র:নং | আয়ের খাত | পরিমান(টাকা) | ক্র:নং | ব্যয়ের খাত | পরিমান(টাকা) |
|---|---|---|---|---|---|
| ০১ | পানি কর | ১৫,২৯,১২৮/০০ | ০১ | বেতন ভাতা | ২৪,৯৯,৫৩০/০০ |
| ০২ | সংযোগ ফি | ২,১০০/০০ | ০২ | বিদ্যুত বিল | ৩,৫৪,৬৩২/০০ |
| ০৩ | অন্যান্য | ------- | ০৩ | পানির লাইনের সংযোগ ব্যয় | - |
| ০৪ | বাজেট ঘাটতি | ১৩,২২,৯৩৪/০০ | ০৪ | পানি সরবরাহ শাখার মনোহরী দ্রব্যাদি, রেজি: ইত্যাদি | - |
| | মোট= | ২৮,৫৪,১৬২/০০ | | মোট= | ২৮,৫৪,১৬২/০০ |
| | উপাংশ-০১<br>উপাংশ-০২ | ২,৬৩,২২,৪৭৭/৮৭<br>১৫,৩১,২২৮/০০ | | উপাংশ-০১<br>উপাংশ-০২ | ২,২৯,২৮,১১৫/০০<br>২৮,৫৪,৬৩২/০০ |
| | | - | | সমাপনি স্থিতি | ২০,৭০,৯৫৮/০০ |
| | সর্বমোট | ২,৭৮,৫৩,৭০৫/৮৭ | | সর্বমোট | ২,৭৮,৫৩,৭০৫/৮৭ |

৩০/০৭/২০২০

(সুমন্ত কুমার বিশ্বাস)
হিসাব রক্ষক
কোটালীপাড়া পৌরসভা

৩০/০৭/২০২০

(জহিরউদ্দিন)
সচিব
কোটালীপাড়া পৌরসভা

৩০/০৭/২০২০

(মো: কামাল হোসেন শেখ)
মেয়র
কোটালীপাড়া পৌরসভা

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া , গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌস/UGIIP-III/হি-১/২০১৬-১৭/৩৬১ তারিখঃ ৩০/০৭/২০২০ইং

বিষয়ঃ কোটালীপাড়া পৌরসভার অডিট এন্ড একাউন্টস কমিটির নিরীক্ষা সম্পাদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোটালীপাড়া পৌরসভার ২০১৯-২০২০ অর্থ বছরের অডিট এন্ড একাউন্টস কমিটির নিরীক্ষা সম্পাদন করা প্রয়োজন।

এমতাবস্থায় আগামী ৩০/০৯/২০২০ ইং তারিখের মধ্যে অডিট এন্ড একাউন্টস কমিটির নিরীক্ষা কার্য সম্পাদন করে নিম্ন স্বাক্ষরকারিকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩০/০৭/২০২০

(মোঃ কামাল হোসেন শেখ)
মেয়র
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

প্রাপকঃ

১। জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান, সভাপতি, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ৭ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।

২। জনাব সালেহা খানম, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।

৩। জনাব রুবিয়া খানম, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ৩ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।

৪। জনাব মোঃ আলম গাজী, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ৮ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।

অনুলিপি অবগতির জন্যঃ

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ(সেক্টর) প্রকল্প (UGIIP-III) লেভেল-১২, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বংলা নগর, ঢাকা-১২০৭।

২। সচিব, কোটালীপাড়া পৌরসভা।

৩। হিসাব রক্ষক, কোটালীপাড়া পৌরসভা।

৩০/০৭/২০২০

(মোঃ কামাল হোসেন শেখ)
মেয়র
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া , গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/UGIIP-III/হি-১/২০১৬-১৭/৪২৪ তারিখঃ ২৫/০৮/২০২০ ইং

বিষয় ঃ কোটালীপাড়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোটালীপাড়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ২৭/০৮/২০২০ ইং তারিখ রোজঃ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকার সময় কোটালীপাড়া পৌরসভা কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে স্বাস্থ্য বিধি মেনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ

১। ২০১৯-২০২০ অর্থ বছরের আয়-ব্যয় বিবরনী সংক্রান্ত।
২। হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরে অভ্যন্তরীন অডিট কার্যক্রম সংক্রান্ত।
৩। বিবিধ।

২৫/৮/2020

(মোহাম্মদ আক্তারুজ্জামান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

প্রাপক ঃ

১। মেয়র মহোদয়, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, কোটালীপাড়া পৌরসভা।
২। জনাব সালেহা খানম, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।
৩। জনাব রুবিয়া বেগম, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ১ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।
৪। জনাব মোঃ আলম গাজী, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ৮ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।

25.8.2020

(মোহাম্মদ আক্তারুজ্জামান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া , গোপালগঞ্জ।

কোটালীপাড়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভপতি : জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান, সভাপতি, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
এবং ৭ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।
সভার তারিখ ঃ ২৭/০৮/২০২০ ইং, রোজ : বৃহস্পতিবার।
সভার সময় : ১০.০০ ঘটিকা। স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়।

| ক্র: নং | নাম ও পদবী | কমিটির পদবী | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান<br>৭ নং ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সভাপতি | |
| ০২ | মো: কামাল হোসেন শেখ<br>মেয়র<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | |
| ০৩ | জনাব সালেহা খানম,<br>২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | |
| ০৪ | জনাব রুবিয়া বেগম<br>১ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | |
| ০৫ | জনাব মো: আলম গাজী<br>৮ নং ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | |

অদ্যকার সভায় জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান, সভাপতি, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ৭ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা পরম করুনাময় আল্লাহ তায়ালার শুকরিয়া জ্ঞাপন করেন এবং সকলের মধ্যে সালাম ও কুশলাদী বিনিময়সহ সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে নিরীক্ষ বিষয়ক সভার কাজ শুরু করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কোটালীপাড়া পৌরসভার হিসাব রক্ষক জনাব সুমন্ত কুমার বিশ্বাস বিগত ২০১৯-২০২০ অর্থ বছরে খাতওয়ারী আয়-ব্যয়সহ বিভিন্ন নথি পত্র সভায় উপস্থাপন করেন। হিসাব ও নিরীক্ষার সম্মানীত সভাপতিসহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উক্ত আয়-ব্যয় বিবরনী প্রাথমিকভাবে পুঙ্খানুপুঙ্খরূপে পর্যবেক্ষন করেন এবং সর্বসম্মতিক্রমে আগামী  ২০/০৯/২০২০ ইং থেকে ২৪/০৯/২০২০ ইং তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ২০১৯-২০২০ ইং অর্থ বছরের সকল ক্যাশ বহি চালন ও খরচের সমস্ত ভাউচার এবং পৌরসভার বিভিন্ন আদায় ও রশিদ বহির টাকা জমা সংক্রন্ত বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা ও পর্যবেক্ষন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া উল্লেখিত সময়ে অডিট চলাকালীন সময়ে কমিটির চাহিত তথ্য সকল নথি ও রেজিষ্টার সমূহ নিরীক্ষায় উপস্থাপন করার জন্য হিসাব বিভাগকে অনুরোধ করা হয়।

এমতাবস্থায় আর কোন আলাপ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যদের আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

29.8.2020

(মোহাম্মদ আক্তারুজ্জামান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

স্মারক নং- তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মেয়র মহোদয় , কোটালীপাড়া পৌরসভা।
২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ(সেক্টর) প্রকল্প (UGIIP-III) লেভেল-১২, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বংলা নগর, ঢাকা-১২০৭।
৩। সচিব, কোটালীপাড়া পৌরসভা।
৪। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা।
৫। হিসাব রক্ষক, কোটালীপাড়া পৌরসভা।
৬। অফিস কপি।

29.8.2020

(মোহাম্মদ আক্তারুজ্জামান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া , গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/UGIIP-III/হি-১/২০১৬-১৭/৪৯৭ তারিখঃ ২৭/০৯/২০২০ইং

বিষয়ঃ কোটালীপাড়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকা প্রসেঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোটালীপাড়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা আগামী ২৮/০৯/২০২০ ইং তারিখ রোজঃ সোমবার, সকাল ১০.০০ ঘটিকার সময় কোটালীপাড়া পৌরসভা কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

১। ২০১৯-২০২০ অর্থ বছরের হিসাব ও নিরীক্ষা কমিটির অভ্যন্তরীন অডিট প্রতিবেদন সংক্রান্ত।
২। বিবিধ।

27.9.2020

(মোহাম্মদ আক্তারুজ্জামান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

প্রাপকঃ

১। মেয়র মহোদয়, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, কোটালীপাড়া পৌরসভা।
২। জনাব সালেহা খানম, সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।
৩। জনাব রুবিয়া বেগম, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ১ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।
৪। জনাব মোঃ আলম গাজী, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ৮ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।

27.9.2020

(মোহাম্মদ আক্তারুজ্জামান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

কোটালীপাড়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভপতি : জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান, সভাপতি, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি,
এবং ৭ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা।
সভার তারিখ ঃ ২৮/০৯/২০২০ ইং, রোজ : রবিবার।
সভার সময় : ১০.০০ ঘটিকা। স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়।

| ক্র: নং | নাম ও পদবী | কমিটির পদবী | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান<br>৭ নং ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সভাপতি | |
| ০২ | মো: কামাল হোসেন শেখ<br>মেয়র<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | |
| ০৩ | জনাব সালেহা খানম,<br>২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | |
| ০৪ | জনাব রুবিয়া বেগম<br>১ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | |
| ০৫ | জনাব আলম গাজী<br>৮ নং ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | |

অদ্যকার সভায় জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান, সভাপতি, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং ৭ নং ওয়ার্ড কাউন্সিলর, কোটালীপাড়া পৌরসভা পরম করুনাময় আল্লাহ তায়ালার শুকরিয়া জ্ঞাপন করেন এবং সকলের মধ্যে সালাম ও কুশলাদী বিনিময়সহ সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে অভ্যান্তরীন নিরীক্ষ বিষয়ক সভার কাজ শুরু করেন।

কোটালীপাড়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সদস্য জনাব রীনা বেগম জানান যে- ক্যাশ বহি ও অন্যান্য রেজিষ্টার যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে। খরচের ভাউচার সংশ্লিষ্ট ফাইলে যথাযথভাবে সংরক্ষন করা হয়েছে। সভায় বিগত ২০/০৯/২০২০ ইং থেকে ২৪/০৯/২০২০ ইং তারিখ পর্যন্ত হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সভাপতিসহ কামিটির অন্যান্য সদস্যবৃন্দ কর্তৃক গত ২০১৯-২০২০ অর্থ বছরের পৌরসভার সকল ক্যাশ বহি, জমা ও খরচের সমস্ত ভাউচার এবং পৌরসভার বিভিন্ন আদায় এবং জমা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র পরীক্ষা নিরীক্ষার প্রতিবেদন পেশ করা হয়।

প্রতিবেদন মোতাবেক দেখা যায় যে, ২০১৯-২০২০অর্থ বছরের হাট-বাজার ও বাস টার্মিনাল, জামানত ও আয়করের অর্থ আদায় করা হয় নাই। ২০১৯-২০২০ অর্থ বছরেহ ঠিকাদারী লাইসেন্স এবং নতুন লাইসেন্স তুলুনামুলক কম হয়েছে।বিশেষ করে প্রকল্প সমুহের টেন্ডার ইজিপি এর মাধ্যমে হওয়ায় সিডিউল বিক্রির অর্থ অন্যান্য বছরের তুলনায় অনেক কম হয়েছে।

আপত্তি সমূহের প্রতিবেদন বিস্তারিত বিবরন নিম্নে দেয়া হলো ঃ

# নিরীক্ষার প্রতিবেদন

১। নিরীক্ষার অফিসের নাম ঃ কোটালীপাড়া পৌরসভা।
২। অর্থ বছর ঃ ২০১৯-২০২০।
৩। অডিট কালীন সময় ঃ ২০/০৯/২০২০ ইং হতে ২৪/০৯/২০২০ ইং তারিখ পর্যন্ত।
৪। প্রতিবেদনের মোট অনুচ্ছেদ ঃ ০৫ টি।
৫। প্রতিবেদন দাখিলের তারিখ ঃ ৩০/০৯/২০২০ ইং।
৬। নিরীক্ষা বৃন্দের নাম ও পরিচিতিসহ মোবাইল নম্বর ঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | কমিটির পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান<br>৭ নং ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সভাপতি | ০১৭৪৮০৪৩০৬০ |
| ০২ | মোঃ কামাল হোসেন শেখ<br>মেয়র<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | ০১৭১১২৮১৩৪১ |
| ০৩ | জনাব সালেহা খানম,<br>২ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | ০১৭১৭১৫৯৮০২<br>০১৭৩০৭১৪০৬৪ |
| ০৪ | জনাব রুবিয়া বেগম<br>১ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | ০১৭৭১২২০২৯৩ |
| ০৫ | জনাব মোঃ আলম গাজী<br>৮ নং ওয়ার্ড কাউন্সিলর,<br>কোটালীপাড়া পৌরসভা। | সদস্য | ০১৮৮৪৩২৭৫৯৫ |

ভূমিক ঃ কোটালীপাড়া পৌরসভার কোটালীপাড়া গোপালগঞ্জ অফিসের ২০১৯-২০২০ অর্থ বছরের পর অভ্যন্তরীন অডিটের কাজ ২০/০৯/২০২০ ইং তারিখে শুরু করে ২৪/০৯/২০২০ ইং তারিখে শেষ করার হয়েছে। নিরীক্ষা কালীন সময় UGIIP-III এর প্রশাসনিক আদেশের আলোকে নিরীক্ষা সম্পাদন করা হয়েছে।

নিরীক্ষা কালীন সময়ে ২০১৯-২০২০ অর্থ বছরে জনাব মোঃ কামাল হোসেন শেখ, মেয়র, কোটালীপাড়া পৌরসভা, এবং জহির উদ্দিন, সচিব, কোটালীপাড়া পৌরসভার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে নিযুক্ত ছিলেন।

কোটালীপাড়া পৌরসভার প্রাপ্ত Receipt & Payment এর নমুনা অনুসারে আয়-ব্যয় খাত সমূহের নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে।

## ২০১৯-২০২০ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন হিসাব :

| | | | |
|---|---|---|---|
| (ক) রাজস্ব হিসাব : | প্রারম্ভিক স্থিতি | = | ৫১,৪৮,৯২০.৭৭ |
| | মোট আয় | = | ২,২৭.০৪,৭৮৫.১০ |
| | সর্বমোট আয় | = | ২,৭৮,৫৩,৭০৫.৮৭ |
| | মোট ব্যয় | = | ২,৫৭,৮২,৭৪৭.০০ |
| | সমাপনী স্থিতি | = | ২০,৭০,৯৫৮.৮৭ |

উপরোক্ত বিবরনী অবলোকন সাপেক্ষে দেখা যায় যে, টেন্ডার ইজিপি-এ হওয়ার কারনে সিডিউল বিক্রির অর্থ কম হয়েছে। পানি শাখার আয়ের চেয়ে ব্যয় বেশী হয়েছে। আগামী অর্থ বছরে রাজস্ব বৃদ্ধিসহ আদায়ের জোর প্রচেষ্টা চালানোর জন্য সচিব এবং মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | আপত্তি নং | অডিট আপত্তির বিবরণ | আপত্তিকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | ০১ | ২০১৯-২০২০ অর্থ বছরে (বাংলা ১৪২৭ সালের) ইজারাকৃত হাট বাজারের ইজারা গ্রহীতার ইজারা মূল্যের জামানত, ভ্যাট ও আয়করসহ মোট ১০,৪৯,৯৯৯.৭৫ টাকা বকেয়া পাওনা রয়েছে যা জরুরী ভিত্তিতে আদায়যোগ্য এবং পৌরসভার সরকারী আর্থিক ক্ষতি হয়েছে। | ১০,৪৯,৯৯৯.৭৫ |
| ০২ | ০২ | ২০১৯-২০২০অর্থ বছরে (বাংলা ১৪২৭ সনের) ইজারাকৃত বাস টার্মিনাল ইজারা গ্রহীতার ইজারা মূল্যের ৩৭,০০,০০০.০০ টাকা এবং জামানত ভ্যাট, আয়করসহ মোট- ৫৬,০০,১২৫.০০ টাকা বকেয়া পাওনা রয়েছে যা জরুরী ভিত্তিতে আদায় যোগ্য পৌরসভার এবং সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। | ৫৬,০০,১২৫.০০ |
| ০৩ | ০৩ | ২০১৯-২০২০অর্থ বছরের বিদ্যুৎ বিল বাবদ অফিস ৩৪,০৯৫/- টাকা, সড়কবাতি ১,৮৫,৪০৫/- টাকা ও পাম্প ৬,৫৮,১৮৩/- টাকা মোট ৮,৭৭,৬৮৩/- টাকা পরিশোধ করা হয়নি। যা সরকারের রাজস্ব ক্ষতি। | ৮,৭৭,৬৮৩.০০ |
| ০৪ | ০৪ | ২০১৯-২০২০ অর্থ বছরের টেলিফোন বিল বাবদ ৫৭৪/- টাকা পরিশাধ করা হয়নি। যা পৌরসভার আর্থিক ক্ষতি। | ৫৭৪.০০ |
| ০৫ | ০৫ | ২০১৯-২০২০ অর্থ বছরে পৌর পানি সরবরাহ শাখার আয়ের চেয়ে ১৩,২২,৯৩৪/- টাকা ব্যয় বেশী। যাহা পাম্পের বিদ্যুৎ বিল প্রশাসন শাখা হতে ব্যয় করা হয়েছে। | ১৩,২২,৯৩৪.০০ |

## অডিট আপত্তি সমূহের বিস্তারিত বিবরন নিম্নরূপ

আপত্তি নং-১

শিরোনাম ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে (বাংলা- ১৪২৭ সালের) হাট বাজার ইজারার ইজারা গ্রহীতার নিকট হতে ইজারা মূল্যের ৫% জামানত, ১৫% ভ্যাট ও ৫% আয়কর বাবদ মোট- ১০,৪৯,৯৯৯.৭৫ টাকা বকেয়া পাওনা রয়েছে যা জরুরী ভিত্তিতে আদায় যোগ্য এবং পৌরসভার ও সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

ফলাফল ঃ পৌরসভার ও সরকারের আর্থিক ক্ষতি।

পৌসভার জবাবঃ বকেয়া অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

অডিট কমিটির মন্তব্য ঃ বকেয়া টাকা পৌরসভার তহবিলে জমা না করায় পৌরসভার আর্থিক ক্ষতি এবং সরকারী অর্থ প্রদান না করায় সরকারের রাজস্ব ক্ষতি।

সুপারিশ ঃ আপত্তিকৃত বকেয়া টাকা পৌরসভা তহবিলে জমা পূর্বক অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

আপত্তি নং- ২

শিরোনাম ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে (বাংলা ১৪২৭)সালের বাস টার্মিনাল ইজারার ইজারা গ্রহীতার নিকট ইজারা মূল্যের ৩৭,০০,০০০.০০ টাকা এবং ৫% জামানত , ১৫ % ভ্যাট ও ৫% আয়করসহ মোট= ১৯,০০,১২৫.০০ টাকা মোট ৫৬,০০,১২৫.০০ টাকা বকেয়া পাওয়ান রয়েছে, যা জরুরী ভিত্তিতে আদায় যোগ্য এবং পৌরসভার ও সরকাররের আর্থিক ক্ষতি হয়েছে।

ফলাফল ঃ পৌরসভার ও সরকারের আর্থিক ক্ষতি।

পৌসভার জবাবঃ বকেয়া অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

অডিট কমিটির মন্তব্য ঃ বকেয়া টাকা পৌরসভার তহবিলে জমা না করায় পৌরসভার আর্থিক ক্ষতি এবং সরকারী অর্থ প্রদান না করায় সরকারের রাজস্ব ক্ষতি।

সুপারিশ ঃ আপত্তিকৃত বকেয়া টাকা পৌরসভা তহবিলে জমা পূর্বক অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

আপত্তি নং- ৩

শিরোনাম ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের বিদ্যুৎ বিল বাবদ অফিস ৩৪,০৯৫/- টাকা, সড়কবাতি ১,৮৫,৪০৫/- টাকা ও পাম্প ৬,৫৮,১৮৩/- টাকা মোট ৮,৭৭,৬৮৩/- টাকা পরিশোধ করা হয়নি।

বিষয়বস্তু ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে অত্র কার্যালয়ের বিদ্যুৎ বিল বাবদ = ৮,৭৭,৬৮৩/- টাকা বকেয়া রয়েছে।

ফলাফল ঃ সরকারের রাজস্ব ক্ষতি ও পৌরসভার দায়।

পৌসভার জবাব ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে পৌরসভার রাজস্ব তহবিলে অর্থের সল্পতা এবং বিল যথাসময়ে না পাওয়ার কারণে উক্ত বকেয়া বিদ্যুৎ বিলের অর্থ যথাসময়ে পরিশেধ করা সম্ভব হয়নি।

অডিট কমিটির মন্তব্য ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের অডিট আপত্তিকৃত অর্থ পরিশোধ না করায় সরকারের রাজস্ব ক্ষতি।
সুপারিশ ঃ আপত্তিকৃত উক্ত বকেয়া টাকা সরকারের সংশ্লিষ্ট তহবিলে জমা পূর্বক প্রমানক অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

আপত্তি নং- ৪

শিরোনাম ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে বকেয়া টেলিফোন বিল বাবদ ৫৭৪.০০ টাকা বকেয়া থাকায় সরকারের রাজস্ব ক্ষতি।

বিষয়বস্তু ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের জুন- ২০১৯ মাসের টেলিফোন বিল বকেয়া = ৫৭৪.০০ টাকা সরকারী কোষাগারে প্রদান না করায় সরকারের রাজস্ব ক্ষতি।

ফলাফল ঃ সরকারের রাজস্ব ক্ষতি।

পৌরসভা জবাব ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে জুন-২০২০ মাসের উক্ত টেলিফোন বিল অত্র দপ্তরে না পাওয়ায় পরিশোধ করা সম্ভব হয়নি।

অডিট কমিটির মন্তব্য ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে আপত্তিকৃত টাকা সরকারী তহবিলে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি।

সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা সরকারের সংশ্লিষ্ট তহবিলে জমা পূর্বক প্রমানক অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

আপত্তি নং- ৫

শিরোনাম ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে পৌর পানি সরবরাহ শাখার আয়ের চেয়ে ১৩,২২,৯৩৪/- টাকা ব্যয় বেশী। যাহা পাম্পের বিদ্যুৎ বিল প্রশাসন শাখা হতে ব্যয় করা হয়েছে। পানি সরবরাহ শাখার আয়ের চেয়ে ১৩,২২,৯৩৪.০০ টাকা ব্যয় বেশী হওয়ায় পৌরসভার আর্থিক ক্ষতি।

ফলাফল ঃ পৌরসভার আর্থিক ক্ষতি।

পৌরসভার জবাব ঃ আপত্তিকৃত অর্থের ব্যবস্থা গ্রহন করা হবে।

অডিট কমিটির মন্তব্য ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের আপত্তিকৃত অর্থ পৌরসভার আর্থিক ক্ষতি।

সুপারিশ ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে আপত্তিকৃত বকেয়া অর্থ আদায় করে পৌরসভার রাজস্ব তহবিলে জমা পূর্বক প্রমানকসহ অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

এ ছাড়া পৌরসভায় নিরীক্ষা কালীন সময়ে ছোট-খাট ত্রুটি বিচ্যুতি অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের সংগে আলাপ আলোচনা / জবাবের আলোকে তৎক্ষনাত নিস্পত্তি করা হয়েছে।

কোটালীপাড়া পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয় স্থায়ী কমিটি নিম্নরুপ আরো কিছু দিক নির্দেশনা পূর্বক সুপারিশ করেন ঃ

- প্রতিদিনের রাজস্ব আদায়কৃত অর্থ প্রতিদিন পৌরসভার রাজস্ব তহবিলে জমা করার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
- পৌরসভার ব্যয়ভার মিটানোর জন্য রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে আয়বর্ধক প্রকল্প গ্রহন করা অনতিবিলম্বে আবশ্যক।
- বিভিন্ন শাখার রেজিষ্টার, ক্যাশবহি ও খরচের ভাউচার আরও সুন্দরভাবে সংরক্ষন ও লিপিবদ্ধ করা আবশ্যক।
- আয়ের সংগে সঙ্গতি রেখে বিভিন্ন খাতের ব্যয় করা।

২৮.৭.2020

(মোহাম্মদ আক্তারুজ্জামান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।

স্মারক নং-

তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মেয়র মহোদয়, কোটালীপাড়া পৌরসভা।
২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ(সেক্টর) প্রকল্প (UGIIP-III) লেভেল-১২, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বংলা নগর, ঢাকা-১২০৭।
৩।সচিব, কোটালীপাড়া পৌরসভা।
৪। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা।
৫। হিসাব রক্ষক, কোটালীপাড়া পৌরসভা।
৬। অফিস কপি।

২৮.৭.২০20

(মোহাম্মদ আক্তারুজ্জামান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা
গোপালগঞ্জ।